# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭
## বাংলাদেশ ও বিশ্বপরিচয়
### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫০ = ৫০

১. সার্কের লোগোতে সাতটি গোলক আছে। এগুলো দ্বারা নিচের কোনটিকে বোঝানো হয়েছে?
(ক) দেশ (খ) সাগর (গ) মহাদেশ (ঘ) মহাসাগর

২. পাহাড়পুরের সোমপুর বিহারে ১৭৭টি গোপন কুঠুরি নির্মাণ করা হয়েছিল কেন?
(ক) বিদ্যাচর্চার জন্য (খ) সৌন্দর্য বৃদ্ধির জন্য
(গ) নিরাপত্তা রক্ষার জন্য (ঘ) অতিথি আপ্যায়নের জন্য

৩. আহসান মঞ্জিলের হারানো ঐতিহ্য ফিরে পাওয়ার কারণ কোনটি?
(ক) ভবনটি মেরামত করায়
(খ) ভবনটি জাদুঘর হিসেবে ব্যবহার করায়
(গ) ভবনটিকে রাজপ্রাসাদ হিসেবে ব্যবহার করায়
(ঘ) ভবনটিকে পর্যটন এলাকা হিসেবে ব্যবহার করায়

৪. ব্রিটিশদের 'ভাগ কর শাসন কর' নীতির ফলে এদেশের মানুষের মধ্যে কী সৃষ্টি হয়েছিল?
(ক) জাতিগত বৈষম্য (খ) সামাজিক বৈষম্য
(গ) সাংস্কৃতিক বৈষম্য (ঘ) অর্থনৈতিক বৈষম্য

৫. জমিদারি প্রথার প্রধান কুফল কোনটি?
(ক) মানুষ জমি হারায় (খ) মানুষ নির্যাতিত হয়
(গ) মানুষ গরিব হয় (ঘ) মানুষ স্বাধীনতা হারায়

৬. ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রধান কারণ কোনটি?
(ক) প্রশাসনিক সুবিধা (খ) যোগাযোগ সুবিধা
(গ) ভৌগোলিক সুবিধা (ঘ) জাতীয় চেতনা বিনষ্ট করা

৭. প্রাকৃতিক ভারসাম্য বিনষ্টের প্রধান কারণ কোনটি?
(ক) গাছ কাটা (খ) জলাভূমি ভরাট
(গ) অতিরিক্ত জনসংখ্যা (ঘ) পশু-পাখি শিকার

৮. শিশুদের বিদ্যালয় থেকে ঝরে পড়ার প্রধান কারণ কোনটি?
(ক) সচেতনতার অভাব (খ) ভালো পরিবেশের অভাব
(গ) শিক্ষা উপকরণের অভাব (ঘ) বিদ্যালয়ে অমনোযোগিতা

৯. জলবায়ু পরিবর্তনে মানবসৃষ্ট প্রধান কারণ কোনটি?
(ক) খাল খনন করা (খ) পুকুর খনন করা (গ) পাখি শিকার করা (ঘ) অপ্রয়োজনে গাছ কাটা

১০. মোগল আমলে বাংলার শাসকদের সম্পর্কে তথ্য খুঁজে বের করতে বর্তমানে প্রধান মাধ্যম কোনটি?
(ক) পত্র-পত্রিকা পাঠ (খ) ইন্টারনেট ব্যবহার
(গ) বড়দের সাক্ষাৎকার (ঘ) ঐতিহাসিক স্থান ভ্রমণ

https://teachingbd24.com

১১. নবাব সিরাজ-উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন?
(ক) সৈন্যদের অদক্ষতার জন্য (খ) প্রয়োজনীয় অস্ত্রের অভাবে
(গ) সঠিক যুদ্ধ কৌশলের অভাবে (ঘ) মীর জাফরের বিশ্বাসঘাতকতার জন্য

১২. নিচের কোন জেলা অধিক খরাপ্রবণ?
(ক) রংপুর (খ) সিলেট (গ) বরিশাল (ঘ) টাঙ্গাইল

১৩. রাজু মীনার চেয়ে বেশি খাবার পেলে মীনা কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?
(ক) আইনের (খ) মত প্রকাশের (গ) সম্পত্তি ভোগের (ঘ) নারী-পুরুষ সমতার

১৪. তোমাদের বিদ্যালয় থেকে শিক্ষাসফরে যাওয়ার জন্য তোমাদের মতামত চাওয়া হলে নিচের কোন অধিকারটি প্রতিষ্ঠিত হবে?
(ক) মত প্রকাশের (খ) শিক্ষা গ্রহণের (গ) সমান মর্যাদার (ঘ) স্বাধীনভাবে চলাফেরার

১৫. কোনটি রপ্তানির মাধ্যমে বাংলাদেশে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?
(ক) কাগজ (খ) সিমেন্ট (গ) যন্ত্রপাতি (ঘ) শ্রমশক্তি

১৬. শিশু শ্রমিকরা সাধারণত নিচের কোন অধিকার থেকে বঞ্চিত হয়?
(ক) শিক্ষা (খ) চিকিৎসা (গ) অর্থনৈতিক (ঘ) রাজনৈতিক

১৭. নারীদের জন্য বেগম রোকেয়ার প্রধান অবদান কোনটি?
(ক) ঐক্যের প্রসার (খ) শিক্ষার প্রসার (গ) সংস্কৃতির প্রসার (ঘ) স্বাধীনতার প্রসার

১৮. অটিস্টিক বন্ধুর সাথে নিচের কোন আচরণটি করা উচিত নয়?
(ক) তার সাথে খেলা করা (খ) তার সাথে বন্ধুত্ব করা
(গ) তার মতামতকে গুরুত্ব দেওয়া (ঘ) তাকে বিরক্ত করা

১৯. প্রধানত কী উদ্দেশ্যে লালবাগ কেল্লা তৈরি করা হয়?
(ক) ধর্ম প্রচার (খ) জাদুঘর স্থাপন
(গ) শত্রুর আক্রমণ প্রতিরোধ (ঘ) ব্যবসায় পরিচালনা

২০. বর্তমান শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে আমাদের প্রধান করণীয় কী?
(ক) মুক্তিযোদ্ধাদের সাহায্য করব (খ) মুক্তিযুদ্ধের প্রামাণ্য চিত্র দেখাব
(গ) মুক্তিযুদ্ধের গল্প শোনাব (ঘ) মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা দেব

২১. জলবায়ুর পরিবর্তনজনিত কারণে বাংলাদেশে নিচের কোনটি বৃদ্ধি পেতে পারে?
(ক) শিশু মৃত্যু (খ) জনসংখ্যা বৃদ্ধি (গ) কৃষিজ উৎপাদন (ঘ) প্রাকৃতিক দুর্যোগ

২২. বেশি করে গাছ লাগানোর প্রধান উদ্দেশ্য কী?
(ক) বনভূমি রক্ষা করা (খ) মাটির ক্ষয়রোধ করা
(গ) পরিবেশের ভারসাম্য রক্ষা করা (ঘ) পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি করা

২৩. জাতিসংঘ প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য কী?
(ক) বিশ্বশান্তি প্রতিষ্ঠা (খ) বিশ্ব বাণিজ্যের উন্নয়ন
(গ) শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন (ঘ) জলবায়ুর পরিবর্তন মোকাবিলা

২৪. ইউনিসেফ বাংলাদেশে কোন খাতে সবচেয়ে বেশি সহায়তা করে?
(ক) পুষ্টি উন্নয়নে (খ) শিক্ষার উন্নয়নে (গ) দারিদ্র্য বিমোচনে (ঘ) সাংস্কৃতিক উন্নয়নে

২৫. তোমার বন্ধু কীভাবে কচি চা পাতা থেকে চা উৎপন্ন হয় তা দেখতে চায়। এক্ষেত্রে তুমি তাকে কোথায় যেতে পরামর্শ দেবে?
(ক) ঢাকায় (খ) খুলনায় (গ) সিলেটে (ঘ) ময়মনসিংহে

Teachingbd24.com

২৬. তোমার বন্ধু নতুন নতুন যন্ত্রপাতি উদ্ভাবন করতে আগ্রহী। তার সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য তুমি তাকে কী প্রশিক্ষণ নিতে উৎসাহিত করবে?

(ক) কৃষি (খ) মৎস্য (গ) বৃত্তিমূলক (ঘ) কারিগরি

২৭. তোমার এলাকার মানুষকে মানবাধিকার বিষয়ে সচেতন করতে তুমি কোনটি আয়োজন করবে?

(ক) ভূমিকাভিনয়ের (খ) খেলার (গ) মেলার (ঘ) নৃত্যের

২৮. তুমি বেড়াতে যাওয়ার পথে গাড়িতে হেলপার হিসেবে তোমার বয়সি একজন ছেলেকে দেখতে পেলে। তখন তুমি কী করবে?

(ক) বাড়িতে নিয়ে যাব (খ) তাকে এড়িয়ে যাব
(গ) শিক্ষার গুরুত্ব বোঝাব (ঘ) কাজ ছেড়ে দিতে বলব

২৯. কাজের ক্ষেত্রে অনেক সময় পুরুষের চেয়ে নারীকে কম মজুরি দেওয়া হয়। এক্ষেত্রে আমাদের করণীয় কী?

(ক) সরাসরি প্রতিবাদ করব (খ) নারী-পুরুষ সমান তা বোঝাব
(গ) নারীদেরকে প্রতিবাদ করতে বলব (ঘ) নারীদেরকে কাজ বন্ধ করে দিতে বলব

৩০. তোমার বিদ্যালয়ে বিজয় দিবসের অনুষ্ঠানে তুমি কাকে প্রধান অতিথি করার পরামর্শ দেবে?

(ক) প্রবীণ ব্যক্তিকে (খ) ধনাঢ্য ব্যক্তিকে (গ) প্রবাসী ব্যক্তিকে (ঘ) বীর মুক্তিযোদ্ধাকে

৩১. তোমার দাদির কাছে তুমি কিছু প্রাচীন মুদ্রা দেখতে পেলে। এক্ষেত্রে তুমি কী করবে?

(ক) লুকিয়ে রাখতে বলব (খ) ব্যাংকে রাখতে বলব
(গ) থানায় জমা দিতে বলব (ঘ) আমাকে দিয়ে দিতে বলব

৩২. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য তুমি কোনটি রপ্তানির পরামর্শ দেবে?

(ক) জনসম্পদ (খ) বনজ সম্পদ (গ) খনিজ সম্পদ (ঘ) মৎস্য সম্পদ

৩৩. অধিক জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে আমাদের করণীয় কী?

(ক) বাসস্থান নিশ্চিত করা (খ) খাদ্য সমস্যা সমাধান
(গ) স্বাস্থ্য সেবা নিশ্চিত করা (ঘ) শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা

৩৪. দীর্ঘস্থায়ী বন্যার ফলে তোমার এলাকায় বিশুদ্ধ খাবার পানি সংকট মোকাবিলায় তুমি কী করবে?

(ক) পানি ছেঁকে খেতে বলব (খ) পানি জমা রাখতে বলব
(গ) পানি বিশুদ্ধকরণ পদ্ধতি শেখাবো (ঘ) অন্য এলাকা থেকে পানি আনতে বলব

৩৫. তোমাদের পাশের গ্রাম নদীভাঙনে বিলীন হয়ে যাচ্ছে। নদীভাঙন থেকে রক্ষা পাওয়ার জন্য তোমাদের করণীয় কী?

(ক) নদীতে সেতু নির্মাণ করব (খ) উঁচু স্থানে গৃহ নির্মাণ করব
(গ) বাসস্থান অন্যত্র সরিয়ে নেব (ঘ) নদীর তীরে অনেক গাছ লাগাব

৩৬. বাংলাদেশের দক্ষিণাঞ্চল প্রায়ই বন্যা কবলিত হয়। ঐ অঞ্চলের বন্যা প্রতিরোধের জন্য তুমি কী পরামর্শ দেবে?

(ক) সেতু তৈরি করতে (খ) বাঁধ নির্মাণ করতে
(গ) নৌকা তৈরি করতে (ঘ) উঁচু স্থানে বাড়ি বানাতে

Teachingbd24.com

৩৭. ভূমিকম্পের পূর্ব প্রস্তুতিমূলক সভায় ভূমিকম্প চলাকালীন তুমি কী পরামর্শ দেবে?
(ক) দৌড়ে ঘর থেকে বের হতে বলব
(খ) অগ্নি নির্বাপক দলকে খবর দিতে বলব
(গ) শক্ত আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে বলব
(ঘ) প্রাথমিক চিকিৎসা সামগ্রী কাছে রাখতে বলব

৩৮. সোনারগাঁও সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহের জন্য তুমি কী করবে?
(ক) সোনারগাঁও-এর গল্প শুনব (খ) সোনারগাঁও-এর ছবি দেখব
(গ) সোনারগাঁও সম্পর্কিত বই পড়ব (ঘ) লোকশিল্প জাদুঘর পরিদর্শন করব

৩৯. অটিজমে আক্রান্ত একজন সহপাঠীকে নিয়ে তোমার শ্রেণির শিক্ষার্থীরা প্রায়ই তামাশা করে। এক্ষেত্রে তোমার করণীয় কী?
(ক) প্রতিবাদ করব
(খ) শ্রেণিশিক্ষককে বিষয়টি বলব
(গ) প্রতিদিন তাকে আমার পাশে বসাব
(ঘ) বিষয়টি ঠিক নয় এটি বন্ধুদেরকে বোঝাব

৪০. রেসকোর্স ময়দানে পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের সময় তুমি উপস্থিত থাকলে কী করতে?
(ক) মন খারাপ করতাম (খ) আনন্দ-উল্লাস করতাম
(গ) ভোজের আয়োজন করতাম (ঘ) পাকিস্তানিদের ধিক্কার দিতাম

৪১. মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে কত তারিখে?
(ক) ১০ই এপ্রিল (খ) ১৭ই এপ্রিল (গ) ২৫শে মার্চ (ঘ) ২০শে ডিসেম্বর

৪২. পশ্চিম বাংলার ব্যারাকপুরে কার নেতৃত্বে সিপাহি বিদ্রোহ শুরু হয়?
(ক) তিতুমীর (খ) মঙ্গল পান্ডে
(গ) ক্ষুদিরাম বসু (ঘ) ফকির মজনু শাহ

৪৩. বাংলাদেশে কত বছরের নিচে শিশুশ্রম বেআইনি?
(ক) ১৫ (খ) ১৬ (গ) ১৭ (ঘ) ১৮

৪৪. পানাম নগর কোথায় অবস্থিত?
(ক) ময়নামতিতে (খ) পাহাড়পুরে (গ) সোনারগাঁও-এ (ঘ) মহাস্থানগড়ে

৪৫. গারোদের নিজস্ব ভাষার নাম কী?
(ক) আচিক (খ) বাংলা (গ) মনখেমে (ঘ) কুড়ুখ

৪৬. গণতন্ত্র বলতে কী বোঝায়?
(ক) ব্যক্তির মত (খ) দলের মতামত (গ) জনগণের শাসন (ঘ) স্বৈরশাসন

৪৭. বাংলাদেশে নারী নির্যাতন দমনের জন্য কত সালে জাতীয় নারী উন্নয়ন নীতি প্রবর্তন করা হয়?
(ক) ২০১০ (খ) ২০১২ (গ) ২০১৪ (ঘ) ২০১৬

৪৮. জমিদারি প্রথার বিলুপ্তি ঘটলে কোন ভবনটি তার ঐতিহ্য হারায়?
(ক) ময়নামতি (খ) পানামনগর
(গ) আহসান মঞ্জিল (ঘ) লালবাগ কেল্লা

Teachingbd24.com

৪৯. পলাশির যুদ্ধ কবে সংঘটিত হয়েছিল?

(ক) ১৮৫৭ (খ) ১৯৪৭ (গ) ১৯১৪ (ঘ) ১৭৫৭

৫০. ইউনিসেফের সদর দপ্তর কোথায় অবস্থিত?

(ক) রোম (খ) প্যারিস (গ) নিউইয়র্ক (ঘ) ম্যানিলা

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লেখ : ১ × ১৫ = ১৫

(ক) গাছ না লাগিয়ে শুধু গাছ কাটলে কী ঘটতে পারে?

(খ) পরমতসহিষ্ণুতা প্রয়োজন কেন?

(গ) গেরিলা বাহিনী গঠিত হয়েছিল কেন?

(ঘ) বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছিল কেন?

(ঙ) বাংলাদেশে ধানের উৎপাদন বাড়ছে কেন?

(চ) সার্কের সর্বকনিষ্ঠ সদস্য দেশ কোনটি?

(ছ) আইন অমান্য করলে কী হয়?

(জ) জমিদারি প্রথার একটি কুফল লেখ।

(ঝ) ঢাকার আহসান মঞ্জিল কীভাবে হারানো ঐতিহ্য ফিরে পেয়েছে?

(ঞ) ছিন্নমূল শিশুরা মানবেতর জীবনযাপন করে কেন?

(ট) তিতুমীর কোথায় বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন?

(ঠ) জাতিসংঘ মানুষের অধিকারকে স্বীকৃতি দিয়ে যে ঘোষণাপত্রের অনুমোদন দেয় তার নাম লেখ।

(ড) খাসিদের প্রধান দেবতার নাম কী?

(ঢ) জাতিসংঘ দিবস প্রতি বছর কত তারিখে পালিত হয়?

(ণ) পাকিস্তানি বাহিনী কোথায় আত্মসমর্পণ করে?

৩। (ক) – (জ) পর্যন্ত যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটি প্রশ্নসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৭ = ৩৫

(ক) গণতন্ত্র কী? গণতন্ত্র প্রয়োজন কেন? তোমার বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(খ) সড়ক দুর্ঘটনা কী? সড়ক দুর্ঘটনা ঘটে কেন? সড়ক দুর্ঘটনার তিনটি ক্ষতিকর দিক লেখ। ১+১+৩ = ৫

(গ) মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধ হয়েছিল কেন? মুক্তিযুদ্ধের তিনটি গুরুত্ব লেখ। ১+১+৩ = ৫

(ঘ) বন্যা কী? বন্যা হয় কেন? বন্যার তিনটি ক্ষতিকর দিক লেখ। ১+১+৩ = ৫

(ঙ) সোনারগাঁও কোন নদীর তীরে অবস্থিত? প্রাচীন বাংলায় সোনারগাঁওকে রাজধানী করা হয়েছিল কেন? সোনারগাঁও-এর ঐতিহ্য রক্ষায় আমাদের তিনটি করণীয় লেখ। ১+১+৩ = ৫

(চ) বাংলাদেশের অর্থনীতির শতকরা কত ভাগ কৃষি থেকে আসে? বাংলাদেশকে কৃষিপ্রধান দেশ বলা হয় কেন? বাংলাদেশের কৃষি উন্নয়নে তোমার তিনটি পরামর্শ লেখ। ১+১+৩ = ৫

(ছ) জলবায়ু কী? জলবায়ু পরিবর্তন হয় কেন? জলবায়ু পরিবর্তনের তিনটি ফলাফল লেখ। ১+১+৩ = ৫

(জ) বেগম রোকেয়া কে ছিলেন? তাঁকে আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করি কেন? নারী জাগরণে বেগম রোকেয়ার তিনটি অবদান লেখ। ১+১+৩ = ৫

(ঝ) সমাজকে সুন্দর ও সুশৃঙ্খল রাখতে আমাদের পাঁচটি দায়িত্ব উল্লেখ কর। ৫

(ঞ) ইউনিসেফ-এর পুরো নাম কী? ইউনিসেফের চারটি কাজ উল্লেখ কর ১+৪ = ৫

https://teachingbd24.com